

245116 - পয়েন্ট ও লেবেলসহ গেইম এর একাউন্ট বিক্রি করার হুকুম

প্রশ্ন

গেইম খেলে উচ্চতর লেবেলে পোঁছার পর আমার একাউন্টটি বিক্রি করে দেয়ার শরয়ি হুকুম কি? আমি একটি গেইম খেলি সেটার নাম হচ্ছে- boom beach। গেইমটির ধরণ হচ্ছে- একটি সামরিক গ্রাম নির্মাণ করা। এটি নির্মাণ, উন্নয়ন ও এর সৈন্য বাড়াতে হলে- পরিকল্পিত নকশা লাগবে। একেকটি লেবেল পার হতে হলে পরিকল্পিত নকশা অনুযায়ী অন্যান্য গ্রামের উপর হামলা করতে হয়; নচেৎ হেরে যেতে হয়। অনুরূপভাবে আমার গ্রামকে উন্নত করতে হলেও। এতে বুদ্ধি ও যুদ্ধের দক্ষতা বৃদ্ধি পায়। একব্যক্তি আমার একাউন্টটি কিনে নেয়ার প্রস্তাব দিয়েছেন। কেননা এ গেইমটি উচ্চতর ও অগ্রসর ধাপ সম্পন্ন। এ বোচাবিক্রির মাধ্যমে অর্জিত সম্পদের বিধান কি?

প্রিয় উত্তর

যদি এ খেলাতে শরিয়তের লঙ্ঘন ঘটে এমন কোন কিছু না থাকে; যেমন- কুফরি আকিদা, মিউজিক ও নগ্ন ছবি (এগুলো না থাকার সম্ভাবনা দূরবর্তী) তাহলে এ গেইম খেলতে ও এ গেইমের একাউন্ট বিক্রি করতে কোন আপত্তি নেই। কেননা মূলনীতি হচ্ছে- নির্দিষ্ট উপকার রয়েছে এমন মুবাহ বা বৈধ জিনিস বিক্রি করা জায়েয। যদিও শিশুরা ছাড়া অন্যদের জন্য উত্তম হচ্ছে- এ ধরণের গেইম খেলায় মগ্ন না হওয়া। কারণ এতে সময় নষ্ট হয়; অথচ আমাদের প্রতি সময়কে কাজে লাগানোর নির্দেশ রয়েছে এবং এটি বিক্রি করলে সেক্ষেত্রে অন্যদের সময়ও নষ্ট হবে।

আরও জানতে দেখুন: [2898](#) নং প্রশ্নোত্তর।

আল্লাহ্‌ই সর্বশ্রেষ্ঠ।